

# গণঅভুয়খানে শহীদ-আহতদের নিয়ে প্রবন্ধ পাঠানোর নির্দেশ মাউশিল

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১৮:৪৯, ১০ আগস্ট ২০২৫; আপডেট: ১৮:৫২,  
১০ আগস্ট ২০২৫



ছবি: সংগৃহীত।

গণঅভুয়খানে শিক্ষাপ্রতিষ্ঠান থেকে শহীদ ও আহত জুলাই যোদ্ধা সম্পর্কিত প্রবন্ধসহ অন্যান্য তথ্য পাঠানোর নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)। আগামী ২০ আগস্টের মধ্যে নির্ধারিত ই-মেইলে এ প্রবন্ধ পাঠাতে হবে।

রোববার (১০ আগস্ট) অধিদপ্তর থেকে এ সংক্রান্ত চিঠি দেওয়া হয়েছে। চিঠিটি সব আঞ্চলিক পরিচালক ও বিদ্যালয় পরিদর্শন শাখার আঞ্চলিক উপ-পরিচালককে পাঠানো হয়েছে।

চিঠিতে বলা হয়েছে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের ৭ আগস্টের চিঠির নির্দেশনা অনুসরণ করে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ‘জুলাই বিপ্লব ২০২৪’-এ শহীদ ও আহত জুলাই যোদ্ধা সম্পর্কিত প্রবন্ধসহ অন্যান্য তথ্য সংগ্রহ করে হার্ডকপি আগামী ২০ আগস্টের মধ্যে মন্ত্রণালয়ের মাধ্যমিক ও

উচ্চশিক্ষা বিভাগের পারফর্মেন্স, উন্নয়ন ও সেবা উন্নয়ন  
অধিশাখার যুগ্ম-সচিব বদরুল হাসান লিটনের ঠিকানায় পাঠাতে  
হবে।

সফটকপি নিকস বাংলা ১৪ ফন্টে ই-মেইলে  
(apa@moedu.gov.bd)-এ পাঠানোর পাশাপাশি ad-  
admin@dshe.gov.bd ই-মেইলে সিসি করে পাঠানোর জন্য সব  
আঞ্চলিক পরিচালক ও বিদ্যালয় পরিদর্শন শাখার আঞ্চলিক  
উপ-পরিচালককে নির্দেশ করা হয়েছে।

চিঠিতে বলা হয়েছে, লেখার সঙ্গে প্রমাণ হিসেবে এ পর্যন্ত  
পত্রিকায় প্রকাশিত সংবাদ, ছবি, সরকারি গেজেট ও অন্যান্য  
প্রমাণক সংযুক্ত করতে হবে। ই-মেইলের ক্ষেত্রে স্ক্যান কপি  
সংযুক্ত করতে হবে। প্রতিষ্ঠান প্রধান, প্রতিষ্ঠানের সর্বোচ্চ সিনিয়র  
শিক্ষক এবং প্রবন্ধ লেখার সাথে সংশ্লিষ্ট কমিটির সভাপতি এই  
তিনজনের যৌথ স্বাক্ষরসহ প্রত্যায়নপত্র পাঠাতে হবে।

---